গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/শৃংখলা-১/১-৯৩/২০০৬- ১০৩৯ তারিখঃ ২৮-০৯.২০১১

বিষয়ঃ সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারা অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ জিয়াউল ইসলাম (কোড নং-৩৫৮২৭), ওএসডি (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা কর্মস্থলে অনুপস্থিত থাকায় ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ এর ৩ (বি) ধারায় বর্ণিত ছুটি ব্যতিত কর্ম হতে অনুপস্থিতির অপরাধে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের স্মারক নং-স্বাপকম/শৃংখলা-১/১-৯৩/২০০৬-৮৪০, তারিখঃ ৩০.০৮.২০১০ মূলে বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারায় ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় ; এবং

যেহেতু, আপনি উক্ত নোটিশের জবাব দাখিল করেন; এবং

যেহেতু, আপনার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রাপ্ত জবাব, কাগজপত্র ও নথি পর্যালোচনান্তে আপনাকে উল্লেখিত অধ্যাদেশের ৩ (বি) ধারার অপরাধে দোষী সাব্যস্ত করা হয়েছে ;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, এর ৪ (বি) ধারা মোতাবেক কেন সরকারী চাকরি হইতে অব্যাহতি প্রদান (Discharge from Service) করা হবে না-এ নোটিশ জারির/প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

(এ. কে. এম. আমির হোসেন)
অতিরিক্ত সচিব

ডাঃ জিয়াউল ইসলাম (কোড নং-৩৫৮২৭)
ওএসডি (মেডিকেল অফিসার)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
(যোগাযোগ ঠিকানা- ৪/এ আইপিএইচ অফিসার্স কোয়ার্টার, মহাখালী, ঢাকা-১২১২)

নং-স্বাপকম/শৃংখলা-১/১-৯৩/২০০৬- ১০৩৯/১(৩) তারিখঃ ২৮-০৯.২০১১

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
৩। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

(মোঃ সহিদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৭.২০১১- ১০৪২ তারিখঃ ২৫.০৯.২০১১

## আদেশ

যেহেতু, ডাঃ ইকবাল হোসেন তালুকদার (১১৩৭৮১), ইনডোর মেডিকেল অফিসার, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা (প্রাক্তন সহকারী সার্জন, সলিমাবাদ ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, নাগরপুর, টাঙ্গাইল) সরকারী চাকুরীতে কর্মরত থাকা অবস্থায় অন্য প্রতিষ্ঠানে চাকুরী এবং বেতন-ভাতাদি গ্রহণ করায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক ''অসদাচরণ'' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং বিএসএমএমইউ হতে গ্রহণকৃত ৫.০৩.২১৯/- টাকা বিএসএমএমইউ এর এসটিডি-৩৬ নং হিসাবে গত ১২.০১.২০০১১ তারিখে জমা প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ ইকবাল হোসেন তালুকদার (১১৩৭৮১), ইনডোর মেডিকেল অফিসার, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব ও শুনানী অন্তে সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক তাঁকে দোষী সাব্যস্ত করে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য তাঁর বেতন বর্তমান বেতন স্কেলের সর্বনিম্নধাপে অবনমিত করে জাতীয় বেতন স্কেল ২০০৯ এর টাকা ১১০০০-৪৯০X৭-১৪৪৩০-ইবি-৫৪০X১১-২০৩৭০ এর স্কেলে টাকা ১১০০০-এ নির্ধারণ করা হলো। ভবিষ্যতে দন্ডকালীন সময়ের জন্য কোন প্রকার বকেয়া বেতন প্রাপ্ত হবেন না।

২৫/৯/১১
(এ কে এম আমির হোসেন)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৭.২০১১- ১০৪২/১(৯) তারিখঃ ২৫.০৯.২০১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা
৪। পরিচালক, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৯। ডাঃ ইকবাল হোসেন তালুকদার (১১৩৭৮১), ইনডোর মেডিকেল অফিসার, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা

২৫.৯.১১
(মোঃ সাহিদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document\Order (N)\Minor Penalty.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১০- ২০৪৩ তারিখঃ ২৮.০৯.২০১১

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ ইনায়েত উল্লাহ (১২০৯৪২), সাময়িকভাবে বরখাস্তকৃত, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভুয়াপুর, টাংগাইল)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক ''অসদাচরণ'' ও ''বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ১৯.০৪.২০১১ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১১-৪১৬ নম্বর স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে ''চাকুরী হতে বরখাস্ত'' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪ (৩)(ডি) বিধি মোতাবেক সরকারী ''চাকুরী হতে বরখাস্ত'' (Dismissal from Service) করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭ (৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হলো।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ পাতা

২৭/৯/১১
(এ. কে. এম. আমির হোসেন)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ ইনায়েত উল্লাহ (১২০৯৪২)
সাময়িকভাবে বরখাস্তকৃত
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
(স্থায়ী ঠিকানা- ৩/২ সেগুনবাগিচা, ইষ্টার্ণ পেনোরোমা, ফ্লাট নম্বর-৯০৪, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১০- ২০৪৩/১(৪) তারিখঃ ২৮.০৯.২০১১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
২। সিভিল সার্জন, টাংগাইল (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
৪। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

২৮.৯.১১
(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document\Showcause-2nd show.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১১-৭০৪৫ তারিখঃ ২৮-০৯.২০১১

# আদেশ

যেহেতু, ডাঃ মাহবুব আরেফীন রেজানুর (১১৩৭৪০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ (প্রাক্তন সহকারী সার্জন, আলমনগর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, গোপালপুর, টাঙ্গাইল) সরকারী চাকুরীতে কর্মরত থাকা অবস্থায় অন্য প্রতিষ্ঠানে চাকুরী এবং বেতন-ভাতাদি গ্রহণ করায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক ''অসদাচরণ'' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিএসএমএমইউ হতে গ্রহনকৃত ২,২৫,০৬২.৪৩ টাকা বিএসএমএমইউ এর এসটিডি-৩৬ নং হিসাবে গত ১৭.০৪.২০০১১ তারিখে জমা প্রদান করেন;

এক্ষণে, যেহেতু, ডাঃ মাহবুব আরেফীন রেজানুর (১১৩৭৪০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ -এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মন্তব্য ও সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২) (বি) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হলো। ভবিষ্যতে দন্ডকালীন সময়ের জন্য কোন প্রকার বকেয়া বেতন প্রাপ্ত হবেন না।

(এ কে এম আমির হোসেন)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১১-৭০৪৫/১(১১) তারিখঃ২৮-০৯.২০১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬। সিভিল সার্জন, কিশোরগঞ্জ
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ
১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ
১১। ডাঃ মাহবুব আরেফীন রেজানুর (১১৩৭৪০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document\Order (NI)\Minor Penalty.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১১-৯০৫ তারিখঃ ২৮.০৯.২০১১

## আদেশ

যেহেতু, ডাঃ সাইদ আখতার খান (৩২৩৯১), সহকারী অধ্যাপক, সার্জারি বিভাগ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৮.০৯.২০১১ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ সাইদ আখতার খান (৩২৩৯১), সহকারী অধ্যাপক, সার্জারি বিভাগ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব ও সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২) (বি) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হলো। ভবিষ্যতে দন্ডকালীন সময়ের জন্য কোন প্রকার বকেয়া বেতন প্রাপ্ত হবেন না।

গত ১৮.০১.২০১১ তারিখ হতে কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত অনুপস্থিতকালীন সময়ের জন্য তাঁর উক্ত দিনগুলোর বেতন-ভাতা কর্তন করার আদেশ প্রদান করা হলো।

২৮/৯/১১

(এ. কে. এম. আমির হোসেন)
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১১-৯০৫/১(১০) তারিখঃ ২৮.০৯.২০১১

**অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫। উপ-সচিব (পার-১/পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বগুড়া
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১০। ডাঃ সাইদ আখতার খান (৩২৩৯১), সহকারী অধ্যাপক, সার্জারি বিভাগ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া

২৮.৯.১১

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document\Order (NI)\Minor Penalty.doc